



একই নম্বর ও তারিখে স্থলাভিষিক্ত

নির্বাচন কমিশন
বাংলাদেশ
নির্বাচন কমিশন সচিবালয়
শেরে বাংলা নগর, ঢাকা
নির্বাচন প্রশাসন শাখা

৩৭

নং-১৭.০০.০০০০.০৩৫.৪৬.০২৪.১২-১০২

তারিখঃ ২০ মার্চ, ২০১৬

বিষয় : ইউনিয়ন পরিষদ সাধারণ নির্বাচনের ফলাফল প্রেরণ সংক্রান্ত

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, ইউনিয়ন পরিষদ সাধারণ নির্বাচনের ফলাফল উপজেলা ভিত্তিক গেজেট আকারে প্রকাশের জন্য সকল উপজেলা নির্বাচন অফিসারগণ তার অধিক্ষেত্রাধীন সকল ইউনিয়ন পরিষদের ফলাফল রিটার্নিং অফিসারের নিকট হতে সংগ্রহপূর্বক জেলা নির্বাচন অফিসারের মাধ্যমে যাচাইঅস্তে একত্রে বিশেষ বার্তাবাহক মারফত/জি,ই পি যোগে নির্বাচন কমিশন সচিবালয়ে নিম্নে বর্ণিত কাগজ/পত্রাদিসহ প্রেরণ করবেন।

- (ক) 'ড' ফরম ০২ (দুই) কপি ['ড' ফরমে বিজয়ী প্রার্থীর পিতার নাম লেখার পূর্বে 'পিতা' শব্দটি এবং স্বামীর নাম লেখার পূর্বে 'স্বামী' শব্দটি লিখতে হবে। 'ড' ফরমের ৩নং কলামে চেয়ারম্যান পদের ক্ষেত্রে দলের নাম পরিপত্র -২ এর পরিশিষ্ট-'গ' অনুযায়ী হুবহু লিখতে হবে (কপি সংযুক্ত)। রিটার্নিং অফিসারের স্বাক্ষর ও সীল থাকতে হবে।
- (খ) বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হলে ফরম 'ঙ' (বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত প্রার্থীর বিবরণ) ও নির্বাচন হলে ফরম-ঠ, ঠ-১, ঠ-২ এর ০২ (দুই) কপি [রিটার্নিং অফিসারের স্বাক্ষর ও সীল থাকতে হবে।
- (গ) নির্বাচিত প্রার্থীর মনোনয়নপত্রের শুধু ৩য় অংশ (মনোনীত প্রার্থী কর্তৃক ঘোষণা) সত্যায়িত ০১(এক) কপি
- (ঘ) উপজেলা নির্বাচন অফিসার কর্তৃক যাচাই-বাছাইয়ের প্রত্যয়নপত্র (প্রত্যয়নপত্রের নমুনা সংযুক্ত)
- (ঙ) সংশ্লিষ্ট রিটার্নিং অফিসার কর্তৃক যাচাই-বাছাইয়ের প্রত্যয়নপত্র (প্রত্যয়নপত্রের নমুনা সংযুক্ত)

২। এখানে বিশেষভাবে স্মরণ রাখতে হবে যে, মনোনয়নপত্রের ৩য় অংশ অনুযায়ী বিজয়ী প্রার্থীর নাম, পিতা/স্বামীর নাম ও ঠিকানা যাচাই অস্তে 'ড' ফরমে হুবহু লিখতে হবে। প্রেরিত 'ড' ফরমের word কপি (.doc file) দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট কর্মকর্তার নিকট প্রেরণ করবেন। (.doc) ফাইলের নামটি ইউনিয়নের নাম দিয়ে হবে।

৩। এমতাবস্থায়, উপরিদ্বিখিত বিষয়াবলী অনুসরণপূর্বক ইউনিয়ন পরিষদ সাধারণ নির্বাচনের ফলাফল একীভূত করে বিশেষ বার্তা বাহক মারফত/জি,ই,পি যোগে জরুরী ভিত্তিতে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল।

৪। বিষয়টি অতীব জরুরি ও গুরুত্বপূর্ণ।

জারীকৃত
১৭/০৩
৩১/০৩

৩১/০৩/১৬

(মোঃ মিজানুর রহমান)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯১৩৮৭৫৫
ই-মেইল : sas_ea
mizanr63@yahoo.com

- ১। সিনিয়র জেলা/জেলা নির্বাচন অফিসার.....(সকল) [সকল উপজেলা নির্বাচন অফিসার ও রিটার্নিং অফিসারকে পত্রটি সরবরাহ ও এ বিষয়ে ব্রিফিং করবেন।
- ২। উপজেলা নির্বাচন অফিসার.....(সকল) [সকল রিটার্নিং অফিসারকে পত্রটি সরবরাহ ও এ বিষয়ে ব্রিফিং করবেন।
- ৩। রিটার্নিং অফিসার, ইউনিয়ন পরিষদ নির্বাচন/২০১৬.....(সংশ্লিষ্ট সকল) [পত্রের নির্দেশনানুযায়ী উপজেলা নির্বাচন অফিসারকে ফলাফল ও অন্যান্য কাগজপত্র প্রেরণ করবেন।

নং-১৭.০০.০০০০.০৩৫.৪৬.০২৪.১২-১০২

তারিখঃ ২০ মার্চ, ২০১৬

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য প্রেরণ করা হ'লঃ

- ১। উপ-সচিব,.....(সংশ্লিষ্ট) [সংশ্লিষ্ট সিনিয়র জেলা/জেলা নির্বাচন অফিসার, উপজেলা নির্বাচন অফিসার ও রিটার্নিং অফিসারকে পত্রটির বিষয়ে দিক নির্দেশনা দেয়ার জন্য বিশেষভাবে অনুরোধ করা হ'ল।]

(মোঃ মিজানুর রহমান)
সিনিয়র সহকারী সচিব

o/e